গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও,
ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

**শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ অনুযায়ী নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরনী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সবুর মন্ডল. বিপিএএ<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | **২৯ জুলাই ২০২৪** |
| সভার সময় | **১২:৩০ মিনিট** |
| স্থান | ভূমি সংস্কার বোর্ড-এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত |

| ক্র. নং. | আলোচ্য **বিষয়** | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | |
| ০১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা সেপ্টেম্বর/২০২৪ মাসের মধ্যে আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ০২ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ সেপ্টেম্বর/২০২৪ মাসের মধ্যে আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ০৩ | কর্ম-পরিবেশ উন্নয়ন। (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | (১) "ভূমি সংস্কার বোর্ড-এর প্রক্ষালন কক্ষসমূহ সার্বক্ষণিক পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করা।" এক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে পরিচ্ছন্নকর্মীদের জন্য অফিস আদেশ জারি করতে হবে এবং তদারকি কর্মচারীকে দায়িত্ব প্রদান করতে হবে। তদারকি কর্মচারী প্রাত্যহিক পরিবীক্ষণ, রেজিস্টারে লিপিবদ্ধকরণ ও মূল্যায়ন করবেন। প্রমাণক হিসেবে ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে তদারকি কর্মচারী ও পরিচ্ছন্নকর্মীদের দায়িত্ব বণ্টন বিষয়ক পত্র দাখিল করতে হবে।<br><br>(২) "প্রাধিকারভুক্ত কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা।" এক্ষেত্রে টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে প্রাধিকারভুক্ত ১০ জন কর্মচারীদের জন্য ৩১ মে ২০২৫ তারিখের মধ্যে দাপ্তরিক পোশাক সরবরাহ করতে হবে এবং পোশাক পরিধানের জন্য পত্র জারি করতে হবে। প্রমাণক হিসেবে ৩০-০৬-২০২৫ তারিখের মধ্যে কার্যাদেশ ও পোশাক পরিধানের জন্য জারীকৃত পত্র দাখিল করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ০৪ | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে ১ম ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| | | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে প্রমাণক হিসেবে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ০৬ | ক্রয়-পরিকল্পনার (রাজস্ব বাজেট) যথাযথ বাস্তবায়ন। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০% বাস্তবায়ন করতে হবে এবং ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে প্রমাণক হিসেবে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ০৭ | বাজেট বাস্তবায়ন। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০% বাজেট বাস্তবায়ন করতে হবে এবং ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে প্রমাণক হিসেবে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা |
| **শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | | |
| ০৮ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী টিওএন্ডই-ভুক্ত যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার করতে হবে। এক্ষেত্রে যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা অফিসের গাড়ি ব্যবহার করতে পারবেন না। সুদমুক্ত ঋণে গাড়ি ক্রয় করেছেন এমন কোনো কর্মকর্তা যদি অফিসের প্রধান হিসেবে পদায়িত হন অথবা সার্বক্ষণিক সরকারি যানবাহন ব্যবহারের সুবিধা পান সেক্ষেত্রে তিনি অফিসের গাড়ি ব্যবহার করতে পারবেন। তবে সেক্ষেত্রে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২০ (সংশোধিত)' অনুযায়ী গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয়বাবদ নির্ধারিত অর্থের ৫০ শতাংশ পাবেন। এ সকল কর্মকর্তা অফিসের গাড়ি ব্যবহার করছেন না অথবা বিধিমোতাবেক গাড়ি ব্যবহার করছেন মর্মে প্রত্যয়নপত্র নিজে স্বাক্ষর করবেন এবং প্রতিস্বাক্ষরের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর দাখিল করবেন। প্রতিস্বাক্ষরিত উভয় প্রত্যয়ন পত্র ৩০-০৬-২০২৫ তারিখের মধ্যে প্রমাণক আকারে দাখিল করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ০৯ | স্টেশনারি সামগ্রীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী স্টেশনারি সামগ্রীর যথাযথ ব্যবহার পরিবীক্ষণ করতে হবে এবং ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে প্রমাণক হিসেবে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)<br>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| ১০ | মাঠ পর্যায় হতে প্রাপ্ত পৌনঃপুনিক চাহিদার পরিপ্রেক্ষিতে বাজেট বরাদ্দ প্রদান নিশ্চিতকরণ। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৯০% অফিসকে বাজেট বরাদ্দ দিতে হবে এবং ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে প্রমাণক হিসেবে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ |
| ১১ | দাপ্তরিক ক্রয়কার্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে আর্থিক বিধিবিধান প্রতিপালন ও পরিবীক্ষণের মাধ্যমে দাপ্তরিক ক্রয়কার্যে শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে এবং প্রমাণক হিসেবে ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে কার্যাদেশ ও প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ১২ | কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে স্মার্ট হাজিরা পদ্ধতি পরিবীক্ষণ করতে হবে এবং প্রমাণক হিসেবে ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে প্রত্যয়নপত্র/স্মার্ট হাজিরা প্রতিবেদন দাখিল করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)<br>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | অধীনস্থ অফিস পরিদর্শনকালে বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অধীনস্থ ন্যূনতম ২০টি অফিস পরিদর্শনকালে বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ করতে হবে এবং ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে পরিদর্শন প্রতিবেদন প্রমাণক আকারে দাখিল করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)<br>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| ১৪ | অফিসের আইটি সরঞ্জামের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অফিসের আইটি সরঞ্জামসমূহের যথাযথ ব্যবহার পরিবীক্ষণ ও নিশ্চিত করতে হবে এবং প্রমাণক হিসেবে ৩০-০৯-২০২৪ তারিখের মধ্যে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)<br>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |

০১-০৮-২০২৪
মোঃ আব্দুস সবুর মন্ডল. বিপিএএ
চেয়ারম্যান
০২৪১০১০৪৪৩
chairman@lrb.gov.bd

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩১.০২.০০০০.০১৩.৩৫.০০১.২৪.১৩৯

অনুলিপি সময় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়;
২। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা;
৩। উপ-ভূমি সংস্কার কমিশনার, উপ-ভূমি সংস্কার কমিশনার-৩ (মাঠ প্রশাসন ও ভূমি ব্যবস্থাপনা) এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড;
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার, উপ-ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন ও প্রশিক্ষণ) এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড;
৫। উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল বিভাগ);
৬। সহকারী ভূমি সংস্কার কমিশনার (১/২/৪/৫/৬), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা;
৭। চেয়ারম্যান এর-একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড;
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর, ভূমি সংস্কার বোর্ড;
৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড এবং
১০। সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০১-০৮-২০২৪
খৃষ্টফার হিমেল রিছিল
সহকারী ভূমি সংস্কার কমিশনার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট ক